Memorial Sloan Kettering Cancer Center

রোগী এবং শুশরূষাকারীর শিক্ষা

# ইলিয়াল কন্ডুইট (ইউরোস্টমি) সহ আপনার মূতর্াশয়ের অস্তের্াপচার সম্পকির্ত তথয্

এই নিদের্শিকাটি আপনাকে MSK-তে আপনার মূতর্াশয়ের অস্তের্াপচারের জনয্ পর্স্তুত হতে সাহাযয্ করবে। আপনি সুস্থ হয়ে ওঠার সময় কী হতে পারে তা জানতেও এটি আপনাকে সাহাযয্ করবে।

আপনার অস্তের্াপচারের দিন পযর্ন্ত তথেয্র সোসর্ হিসেবে এই নিদের্শিকাটি বয্বহার করুন। আপনার অস্তের্াপচারের দিন এটি আপনার সাথে নিয়ে আসুন। আপনি এবং আপনার পরিচযর্াকারী দল এটি বয্বহার করবেন যাতে আপনার আরোগয্ লাভ করা সম্পকের্ আরো জানতে পারেন।

## আপনার মূতর্াশয়ের অস্তের্াপচার সম্পকির্ত তথয্

আপনার মূতর্-তন্তর্ বা ইউরিনারি সিস্টেম এমন অঙ্গগুলির সমনব্য়ে গঠিত যা মূতর্ বা পর্সর্াব তৈরি করে এবং আপনার শরীর থেকে বের করে দেয় (চিতর্ 1 দেখুন)।

- আপনার বৃক্ক বা কিডনি আপনার রক্ত থেকে বিষাক্ত পদাথর্গুলি পরিষ্কার করে এবং পর্সর্াব তৈরি করে।
- আপনার রেচন নালী বা ইউরেটার হলো এক ধরনের নালী বা টিউব যা আপনার কিডনি থেকে আপনার মূতর্াশয়ে পর্সর্াব বহন করে।
- পর্সর্াবের পর্য়োজনীয়তা অনুভব না করা পযর্ন্ত আপনার মূতর্াশয় পর্সর্াব সঞ্চয় করে।
- আপনার মূতর্নালী বা ইউরেথর্া হলো একটি নালী বা টিউব যা আপনার মূতর্াশয়ের পর্সর্াবকে আপনার শরীর থেকে বের করে দেয় যখন আপনি পর্সর্াব করেন।
    - নারীদের ক্ষেতের্, মূতর্নালী খুব ছোট হয়। এটি যোনির উপরের দিকে অবস্থিত।
    - পুরুষদের ক্ষেতের্, নালীটি দীঘর্ হয়। এটি পের্াস্টেট গর্নিথ্ এবং পুরুষাঙ্গের মধয্ দিয়ে যায়।




চিত্র্ 1. আপনার মূত্র্-তন্ত্র্ বা ইউরিনারি সিস্টেম

**আপনার মূত্র্াশয় অপসারণ**

আপনার সম্পূণর্ মূত্র্াশয় অপসারণের অস্ত্রোপচারকে র্যাডিকেল সিস্টেক্টমি বলা হয়।

আপনার অস্ত্রোপচারের সময়, আপনার ডাক্তার আপনার মূত্র্াশয় এবং আপনার মূত্র্াশয়ের নিকটবতর্ী কিছু লিম্ফ নোড (lymph nodes) অপসারণ করবেন। তারপর তারা আপনার মূত্র্-তন্ত্র্ বা ইউরিনারি সিস্টেম পুনর্নির্মাণ করবে।

**লিম্ফ নোড সম্পর্কিত তথ্য**

লিম্ফ নোড হলো আপনার সারা শরীর জুড়ে অবস্থিত ছোট, মটরশুঁটি আকৃতির গ্রন্থি। এগুলি আপনার লিম্ফ্যাটিক সিস্টেমের অংশ, যা আপনার শরীরের রোগ প্রতিরোধ ব্যবস্থার অংশ। আপনার অস্ত্রোপচারের সময় লিম্ফ নোডগুলি অপসারণ করা হয় কারণ এগুলিতেও ক্যান্সার কোষও থাকতে পারে।

অতীতে আপনি আপনার শ্রোণী বা পেলভিসে অস্ত্রোপচার বা রেডিয়েশন থেরাপি করিয়ে থাকলে আপনার ডাক্তার হয়তো অল্প কিছু লিম্ফ নোড অপসারণ করতে পারেন। আপনার অস্ত্রোপচারের পরবর্তী সমস্যাগুলি এড়িয়ে যেতে এটি করা হয়।

**আপনার মূত্র্াশয়ের নিকটবর্তী অন্যান্য অঙ্গগুলি অপসারণ করা**

আপনার মূত্র্াশয় এবং লিম্ফ নোডগুলি ছাড়াও, আপনার ডাক্তারকে আপনার মূত্র্াশয়ের নিকটবর্তী অন্যান্য অঙ্গগুলি অপসারণ করার প্রয়োজন হতে পারে। সমস্ত ক্যান্সার কোষ অপসারিত হয়েছে তা নিশ্চিত করার জন্য এটি করা হয়।

পুরুষদের ক্ষেত্রে, নিম্নলিখিত অঙ্গগুলি অপসারণ করা হতে পারে:

- মূত্রথলি
- সেমিনাল ভেসিকল
- ভাসা ডিফারেন্সিয়ার অংশ
- মূত্রনালী

নারীদের ক্ষেত্রে, নিম্নলিখিত অঙ্গগুলি অপসারণ করা হতে পারে:

- জরায়ু
- ফ্যালোপিয়ান টিউব
- ডিম্বাশয়
- যোনির অংশ

**আপনার ইলিয়াল কন্ডুইট তৈরি করা**

আপনার মূত্রাশয় অপসারণের পরে, আপনার ডাক্তার একটি নতুন পথ তৈরি করবেন যার মাধ্যমে প্রস্রাব আপনার শরীর থেকে বের হয়ে যাবে। একে ইউরোস্টোমি বলা হয়। আপনার যে ধরণের ইউরোস্টোমি করা হবে তাকে ইলিয়াল কন্ডুইট বলা হয়।

আপনার ডাক্তার ইলিয়াল কন্ডুইট তৈরি করতে ইলিয়াম নামক আপনার অন্ত্রের একটি ছোট টুকরো ব্যবহার করবেন। ইলিয়ামের এক প্রান্ত আপনার মূত্রনালীর সাথে সংযুক্ত হবে। অন্য প্রান্তটি আপনার পেটের একটি ছোট খোলার সাথে সংযুক্ত থাকবে যা স্টোমা নামে পরিচিত (চিত্র 2 দেখুন)। আপনার ডাক্তার আপনার অস্ত্রোপচারের সময় স্টোমা তৈরি করবেন।




চিতর্ 2. আপনার ইলিয়াল কন্ডুইট

আপনার অস্েতর্াপচারের পরে, আপনার পর্সর্াব আপনার কিডনি থেকে আপনার রেচন নালী বা ইউরেটার এবং ইলিয়াল কন্ডুইটের মাধয্মে এবং আপনার স্েটামার বাইরে পর্বাহিত হবে। পর্সর্াব ধরতে এবং ধরে রাখতে আপনি আপনার স্েটামার উপরে একটি ইউরোস্েটামি পাউচিং (বয্াগ) সিস্েটম (যন্তর্পাতি) পরবেন।

এই অস্েতর্াপচারে পর্ায় 3 থেকে 6 ঘণ্টা সময় লাগে। আপনার যদি অনয্ানয্ চিকিৎসা শতর্ থাকে বা অতীতে অস্েতর্াপচারের হয় তাহলে এটি আরো বেশি সময় নিতে পারে।

## আপনার মূতর্াশয়ের অস্েতর্াপচারের আগে

এই বিভাগটি আপনাকে আপনার অস্েতর্াপচারের জনয্ পর্স্তুত হতে সহায়তা করবে। আপনার অস্েতর্াপচারের সময় নিধর্ারিত হলে এটি পড়ুন। আপনার অস্েতর্াপচারের সময় কাছাকাছি আসার সাথে সাথে এটি বয্বহার করুন। পর্স্তুত হওয়ার জনয্ কী করতে হবে তা সম্পকের্ এতে গুরুতব্পূণর্ তথয্ রয়েছে।

আপনি এই বিভাগটি পড়ার সাথে সাথে আপনার সব্াস্থয্সেবা পর্দানকারীকে জিজ্ঞাসা করার জনয্ পর্শ্নাবলী লিখুন।

### সাজর্ারির জনয্ পর্স্তুতি নেওয়া

আপনার অস্েতর্াপচারের জনয্ পর্স্তুত হতে আপনি এবং আপনার কেয়ার টিম একসাথে কাজ করবে। এই বিষয়গুলির কোনোটি আপনার কেষ্তের্ পর্যোজয্ কি না তা আমাদের জানিয়ে আপনাকে নিরাপদ রাখতে আমাদেরকে সাহাযয্ করুন, এমনকি আপনি নিশ্িচত না হলেও।

- আমি শুধু পের্সকির্পশনের ঔষধ সেবন করি। পের্সকির্পশনের ওষুধ হলো এমন ওষুধ যা আপনি শুধুমাতর্ একজন সব্াস্থয্সেবা পর্দানকারীর পের্সকির্পশনের মাধয্মে পেতে পারেন। উদাহরণ:
  - যেসব ঔষধ আপনি মুখে সেবন করেন।
  - যেসব ঔষধ আপনি ইনজেকশনের (শটের) মাধয্মে নেন।
  - যেসব ঔষধ আপনি নিশব্াসের সাথে গর্হণ করেন (শব্াস গর্হণের সময়)।
  - যেসব ঔষধ আপনি তব্কে পয্াচ বা কির্মের মাধয্মে গর্হণ করেন।
- আমি পয্াচ এবং কির্ম সহ যেকোনো ওভার-দয্-কাউন্টার ওষুধগুলি গর্হণ করি। ওভার-দয্-কাউন্টারের ওষুধ হলো এমন ওষুধ যা আপনি পের্সকির্পশন ছাড়াই কিনতে পারেন।
- আমি যেকোনো ডায়েটারি সাপি্লমেন্ট গর্হণ করি, যেমন- ভেষজ, ভিটামিন, খনিজ বা পর্াকৃতিক বা ঘরোয়া পর্তিষেধক।
- আমার পেসমেকার, অটোমেটিক ইমপ্লয্ান্টেবেল কাডির্ওভাটর্া-ডিফির্বির্লেটর (AICD) বা অনয্ানয্ হাটর্ ডিভাইস রয়েছে।

**আপনি যেসব ঔষধ এবং সাপি্লমেন্ট সেবন করেন, আপনার সব্াস্থয্সেবা পর্দানকারীরা সেগুলো সম্পকের্ জানে এটা নিশি্চত করুন।**

আপনি যেসব ঔষধ এবং সাপি্লমেন্ট সেবন করেন, সেগুলোর ভিতি্ত করে সাজর্ারির আগে কিছু নিদির্ষ্ট নিদের্শনা আপনাকে মেনে চলতে হতে পারে। এসব নিদের্শনা না মানলে, আপনার সাজর্ারি বিলমিব্ত বা বাতিল হতে পারে।

- অতীতে অয্ানেস্থেসিয়া (A-nes-THEE-zhuh) নিয়ে আমার সমসয্া হয়েছিল। অয্ানেস্থেসিয়া হলো অস্তেরাপচার বা পর্কির্য়ার সময় আপনাকে ঘুম পাড়ানোর ওষুধ।
- লয্াটেক্স সহ নিদির্ষ্ট কিছু ওষুধ বা উপকরণগুলিতে আমার অয্ালাজির্ রয়েছে।
- আমি রক্ত সঞ্চারণ গর্হণ করতে ইচ্ছুক নই।
- আমি গাঁজার মতো বিনোদনমূলক মাদক সেবন করি।

**ওজন কমানোর জনয্ GLP-1 ওষুধ।**

আপনি যদি GLP-1 ওষুধ গর্হণ করেন, তাহলে আপনার সব্াস্থয্সেবা পর্দানকারীকে

জানানো গুরুতব্পূণর্। আপনার অস্েতর্াপচার বা পর্কির্য়ার আগে বিশেষ খাবার ও পানীয় সংকর্ান্ত নিদের্শনা মেনে চলতে হবে। **এই নিদের্শাবলী অনুসরণ করা খুবই গুরুতব্পূণর্। আপনি যদি এগুলো মেনে চলেন না, তাহলে আপনার অস্েতর্াপচার বা পর্কির্য়া বিলমিব্ত বা বাতিল হতে পারে।**

- **আপনার অস্েতর্াপচার বা পর্কির্য়ার আগের দিন পরিষ্কার তরল খাবারের ডায়েট অনুসরণ করুন।** কোনো ধরনের শক্ত বা কঠিন খাবার গর্হণ করবেন না। আরও তথয্ জানার জনয্ [bXNrLW5vZGUtbGluazogMjAyNDg=] পড়ুন।
- **আপনার আগমনের সময়ের ৮ ঘণ্টা আগে পানীয় পান বন্ধ করুন।** এই সময়ের পরে কিছুই খাওয়া বা পান করা যাবে না, এমনকি পরিষ্কার তরলও। আপনি আপনার ওষুধের সঙ্েগ সামানয্ পরিমাণে পানি পান করতে পারেন।

আরও তথয্ জানার জনয্ [bXNrLW5vZGUtbGluazogMzE4MDM2] পড়ুন।

নিচে GLP-1 ওষুধের কয়েকটি উদাহরণ দেওয়া হয়েছে। আরও কিছু আছে, তাই নিশ্িচত করুন যে আপনার সেবাদানকারী দল আপনার গর্হণ করা সমস্ত ওষুধ সম্পকের্ জানে। কখনও কখনও, এগুলি ডায়াবেটিস বা অনয্ানয্ অবস্থার নিয়ন্তর্ণে সাহাযয্ করার জনয্ নিধর্ারিত হয়। অনয্ানয্ কেষ্তের্, এগুলি ওজন কমানোর জনয্ নিধর্ারিত হয়।

| | |
|---|---|
| • Semaglutide (Wegovy®, Ozempic®, Rybelsus®)<br>• Dulaglutide (Trulicity®) | • Tirzepatide (Zepbound®, Mounjaro®)<br>• Liraglutide (Saxenda®, Victoza®) |

**মদ পান করা সম্পকির্র তথয্**

আপনি কী পরিমাণ মদ পান করেন সে সম্পকের্ আপনার সব্াস্থয্সেবা পর্দানকারীদের সাথে কথা বলা গুরুতব্পূণর্। এটি আমাদেরকে আপনার পরিচযর্ার পরিকল্পনা করতে সহায়তা করবে।

আপনি নিয়মিত মদ পান করলে আপনার অস্েতর্াপচারের সময় এবং পরবতর্ীতে আপনার অনয্ানয্ সমসয্ার ঝুঁকি থাকতে পারে। এর মধেয্ রয়েছে রক্তপাত, সংকর্মণ, হৃৎপিণ্েডর সমসয্া এবং দীঘর্ সময় ধরে হাসপাতালে থাকা।

আপনি যদি নিয়মিত মদ পান করেন এবং হঠাৎ বন্ধ করে দেন, তাহলে এর কারণে খিঁচুনি, চিত্তবিভর্ম এবং মৃতুয্ হতে পারে। আপনি এই সমসয্াগুলির ঝুঁকিতে রয়েছেন তা বুঝতে পারলে আমরা এগুলি পর্তিরোধে সহায়তা করার জনয্ ওষুধ দিতে পারি।

আপনার অস্ত্রোপচারের আগে সমস্যাগুলি এড়িয়ে যেতে আপনি যা করতে পারেন তা এখানে উল্লেখ করা হলো।

- আপনি কী পরিমাণ মদ পান করেন সে সম্পর্কে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সাথে সৎ থাকুন।
- আপনার অস্ত্রোপচারের পরিকল্পনা করা হয়ে গেলে মদ পান করা বন্ধ করার চেষ্টা করুন। অবিলম্বে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে বলুন, যদি আপনার:
    - মাথাব্যথা হয়।
    - বমি বমি ভাব (কোনো কিছু উগরে দিচ্ছেন বলে মনে হওয়া) অনুভব হয়।
    - স্বাভাবিকের চেয়ে বেশি উদ্বিগ্নতা (নার্ভাস বা চিন্তিত) অনুভব হয়।
    - ঘুম না হয়।

এগুলি মদ্যপান বন্ধ করার প্রাথমিক লক্ষণ যার চিকিৎসা করা যেতে পারে।

- আপনি মদ্যপান বন্ধ করতে না পারলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে বলুন।
- মদ্যপান এবং অস্ত্রোপচার সম্পর্কে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে প্রশ্ন করুন। বরাবরের মতো, আপনার চিকিৎসার সকল তথ্য গোপন রাখা হবে।

### ধূমপান সম্পর্কিত তথ্য

আপনি যদি ধূমপান করেন বা ইলেকট্রনিক স্মোকিং ডিভাইস ব্যবহার করেন, তবে সাজর্যারির সময় আপনার শ্বাসকষ্ট হতে পারে। ইলেকট্রনিক স্মোকিং ডিভাইসের উদাহরণ হল ভেপ এবং ই-সিগারেটসমূহ। সাজর্যারির কিছুদিন আগেও ধূমপান বন্ধ করলে, তা সাজর্যারির সময় বা সাজর্যারির পরে শ্বাসকষ্টের সমস্যা প্রতিরোধে সহায়ক হতে পারে।

আপনি ধূমপান করলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে আমাদের টোবাকো ট্রিটমেন্ট প্রোগ্রামে পাঠাবেন। এছাড়াও আপনি 212-610-0507 নম্বরে কল করে প্রোগ্রামটিতে যুক্ত হতে পারেন।

### স্লিপ অ্যাপনিয়া সম্পর্কিত তথ্য

স্লিপ অ্যাপনিয়া হলো একটি সাধারণ শ্বাস-প্রশ্বাসের ব্যাধি। আপনার যদি স্লিপ অ্যাপনিয়া হয়, তাহলে আপনার ঘুমের মধ্যে কিছু সময়ের জন্য শ্বাস-প্রশ্বাস বন্ধ হয়ে যায়। সবচেয়ে সাধারণ ধরন হলো অবস্ট্রাক্টিভ স্লিপ অ্যাপনিয়া (OSA). OSA এর ক্ষেত্রে, ঘুমানোর সময় আপনার শ্বাসনালী সম্পূর্ণরূপে অবরুদ্ধ হয়ে যায়।

OSA অস্ত্রোপচারের সময় এবং পরবর্তীতে গুরুতর সমস্যা সৃষ্টি করতে পারে। আপনার স্লিপ অ্যাপনিয়া থাকলে অথবা আপনি যদি মনে করেন যে আপনার এটি হতে পারে তাহলে আমাদেরকে বলুন। স্লিপ অ্যাপনিয়ার জন্য আপনি শ্বাস প্রশ্বাসের যন্ত্র যেমন CPAP মেশিন ব্যবহার করলে আপনার অস্ত্রোপচারের দিন এটি সাথে নিয়ে আসুন।

### MSK MyChart ব্যবহার করা

MSK MyChart (mskmychart.mskcc.org) হলো MSK-র রোগীর পোর্টাল। আপনার কেয়ার টিমকে বার্তা পাঠাতে ও পড়তে, আপনার পরীক্ষার ফলাফল দেখতে, আপনার অ্যাপয়েন্টমেন্টের তারিখ ও সময় দেখতে এবং আরো অনেক কিছু করতে আপনি এটি ব্যবহার করতে পারেন। আপনি আপনার পরিচর্যাকারীকে তার নিজস্ব অ্যাকাউন্ট তৈরি করার জন্য আমন্ত্রণ জানাতে পারেন যাতে তারা আপনার পরিচর্যা সম্পর্কিত তথ্য দেখতে পারে।

আপনার যদি MSK MyChart এ অ্যাকাউন্ট না থাকে, তবে আপনি mskmychart.mskcc.org ওয়েবসাইটে সাইন আপ করতে পারেন। আপনার কেয়ার টিমের সদস্যকেও ইনভাইটেশন পাঠাতে বলতে পারেন।

অ্যাকাউন্ট সম্পর্কিত কোন সাহায্যের জন্য, MSK MyChart হেল্পডেস্কের 646-227-2593 নম্বরে কল করুন। সোমবার থেকে শুক্রবার সকাল 9টা থেকে 5টা পর্যন্ত (ইস্টার্ন টাইম) তাদের সাথে যোগাযোগ করতে পারবেন।

### এনহ্যান্সড রিকভারি আফটার সার্জারি (ERAS) সম্পর্কিত তথ্য

ERAS এমন একটি প্রোগ্রাম যা আপনাকে আপনার অস্ত্রোপচারের পরে দ্রুত সেরে উঠতে সাহায্য করে। ERAS প্রোগ্রামের অংশ হিসেবে আপনার অস্ত্রোপচারের আগে এবং পরে কিছু কাজ করা গুরুত্বপূর্ণ।

আপনার অস্ত্রোপচারের আগে, নিশ্চিত করুন যে আপনি প্রস্তুত হয়েছেন:

- **এই নির্দেশিকাটি পড়া।** এটি আপনাকে আপনার অস্ত্রোপচারের আগে, চলাকালীন সময়ে ও পরে কী হতে পারে তা জানতে সহায়তা করবে। আপনার কোনো প্রশ্ন থাকলে সেগুলি লিখুন। আপনার পরবর্তী সাক্ষাতে আপনি আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করতে পারেন অথবা তাদের অফিসে ফোন করতে পারেন।
- **ব্যায়াম করুন এবং স্বাস্থ্যকর খাবার খান।** এটি আপনার শরীরকে আপনার অস্ত্রোপচারের জন্য প্রস্তুত করতে সহায়তা করবে।

আপনার অস্েতর্াপচারের পর, নিজেকে আরো দর্ুত সুস্থ হতে আপনি নিম্নলিখিত কাজগুলি করে নিজেকে সাহাযয্ করতে পারেন:

- **আপনার নিরাময় পদ্ধতি সম্পকের্ পড়ে।** এটি একটি শিক্ষামূলক রিসসর্ যা আপনার সব্াস্থয্সেবা পর্দানকারী আপনাকে পর্দান করবে। এতে আপনার সুস্থ হওয়ার লক্ষয্গুলি রয়েছে। এটি আপনাকে পর্তিদিন কী করতে হবে এবং কী হতে পারে তা জানতে সহায়তা করবে।
- **যত তাড়াতাড়ি সম্ভব চলাফেরা শুরু করুন।** আপনি যত তাড়াতাড়ি বিছানা থেকে উঠে হাঁটবেন, তত দর্ুত আপনার সব্াভাবিক কাযর্কর্মে ফিরে যেতে পারবেন।

## আপনার অস্েতর্াপচারের 30 দিনের মধেয্ পির্সাজির্কাল টেসি্টং (PST)

অস্েতর্াপচারের আগে আপনার একটি PST অয্াপয়েন্টমেন্ট থাকবে। আপনি আপনার সাজর্নের অফিস থেকে অয্াপয়েন্টমেন্েটর তারিখ, সময় এবং ঠিকানা সহ একটি রিমাইন্ডার পাবেন। সমস্ত MSK অবস্থানে পাকির্ং বিষয়ক তথয্ এবং দিকনিদের্শনা পেতে www.msk.org/parking ভিজিট করুন।

আপনার PST অয্াপয়েন্টমেন্েটর দিন আপনি আপনার সব্াভাবিক ওষুধ খেতে এবং নিতে পারবেন।

অয্াপয়েন্টমেন্েটর সময় নিম্নলিখিত জিনিসগুলি আনা সহায়ক:

- পের্সকির্পশন এবং নিজে থেকে কেনা ওষুধ, পয্াচ এবং কির্ম সহ আপনি যে সকল ওষুধ গর্হণ করছেন তার একটি তালিকা।
- বিগত বছরে MSK-এর বাইরে করা যেকোনো চিকিৎসা সংকর্ান্ত পরীক্ষা-নিরীক্ষার ফলাফল, যদি আপনার কাছে থাকে। উদাহরণের মধেয্ রয়েছে কাডির্য়াক স্েটর্স টেস্ট, ইকোকাডির্ওগর্াম বা কয্ারোটিড ডপলার স্টাডির ফলাফল।
- আপনার সব্াস্থয্সেবা পর্দানকারীদের নাম এবং টেলিফোন নমব্র।

আপনার PST অয্াপয়েন্টমেন্েটর সময় আপনি একজন অয্াডভান্স্ পর্য্াকটিস পের্াভাইডারের (APP) সাথে দেখা করবেন। তারা MSK-এর অয্ানেস্েথসিওলজি (A-nes-THEE-zee-AH-loh-jee) কমর্ীদের সাথে নিবিড়ভাবে কাজ করে। তারা অস্েতর্াপচার বা পর্কির্য়ার সময় অয্ানেস্েথশিয়া বয্বহারে বিশেষ পর্শিক্ষণপর্াপ্ত ডাক্তার।

আপনার APP আপনার সাথে আপনার চিকিৎসা এবং অস্ে্তর্াপচারের ইতিহাস পযর্ালোচনা করবে। আপনার পরিচযর্ার পরিকল্পনা করার জনয্ আপনার পরীক্ষা-নিরীক্ষা করা হতে পারে, যেমন:

- আপনার হৃদস্পন্দন পরীক্ষা করার জনয্ ইলেক্ট্রাকাডির্ওগর্াম (EKG)।
- বুকের এক্স-রে।
- রক্ত পরীক্ষা।

আপনার APP আপনাকে অনয্ানয্ সব্াস্থয্সেবা পর্দানকারীদের সাথে দেখা করার পরামশর্ দিতে পারে। আপনার অস্ে্তর্াপচারের দিন সকালে কোন ওষুধ(গুলি) গর্হণ করতে হবে সে সম্পকের্ও তারা আপনার সাথে কথা বলবে।

### আপনার পরিচযর্াকারীকে সনাক্ত করুন

আপনার পরিচযর্ায় আপনার পরিচযর্াকারীর একটি গুরুতব্পূণর্ ভূমিকা রয়েছে। আপনার অস্ে্তর্াপচারের আগে, আপনি ও আপনার পরিচযর্াকারী আপনার সব্াস্থয্ সেবাপর্দানকারীর কাছ থেকে আপনার অস্ে্তর্াপচার সম্পকের্ জানবেন। আপনার অস্ে্তর্াপচারের পরে, আপনার হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর পরিচযর্াকারী আপনাকে বাড়িতে নিয়ে যাবেন। তারা আপনাকে বাড়িতে আপনার নিজের পরিচযর্া করতেও সাহাযয্ করবেন।

### পরিচযর্াকারীদের জনয্



কয্ান্সারের চিকিৎসায় থাকা একজন বয্ক্তির পরিচযর্া করায় অনেক দায়িতব্ থাকে। আপনাকে সেগুলো পরিচালনা করতে সহায়তা করার জনয্ আমরা রিসোসর্ ও সহায়তা পর্দান করি। আরো জানতে www.msk.org/caregivers দেখুন বা *A Guide for Caregivers* (www.mskcc.org/cancer-care/patient-education/guide-caregivers) পড়ুন।

### একটি হেলথ কেয়ার পর্ক্সি ফরম পূরণ করুন

আপনি ইতোমধেয্ একটি হেলথ কেয়ার পর্ক্সি ফরম পূরণ না করে থাকলে আমরা আপনাকে এখনই পূরণ করার পরামশর্ দিচ্ছি। আপনি ইতোমধেয্ একটি পূরণ করে থাকলে অথবা আপনার যদি অনয্ কোনো অগির্ম নিদের্শনা থাকে তাহলে সেগুলো আপনার পরবতর্ী অয্াপয়েন্টমেন্টে নিয়ে আসবেন।

হেলথ কেয়ার পর্ক্সি একটি আইনি নথি। আপনি যদি নিজের জনয্ যোগাযোগ করতে না

পারেন তাহলে কে আপনার পক্ষে কথা বলবে তা এতে উল্লেখ থাকে। এই ব্যক্তি হলো আপনার স্বাস্থ্যসেবা প্রতিনিধি।

- স্বাস্থ্যসেবা প্রক্রিয়া এবং অন্যান্য অগ্রিম নির্দেশাবলী সম্পর্কে জানতে *Advance Care Planning for People With Cancer and Their Loved Ones* (www.mskcc.org/cancer-care/patient-education/advance-care-planning) পড়ুন।
- স্বাস্থ্যসেবা প্রতিনিধি হওয়ার বিষয়ে জানতে *How to Be a Health Care Agent* (www.mskcc.org/cancer-care/patient-education/how-be-health-care-agent) পড়ুন।

হেলথ কেয়ার প্রক্সি ফরম পূরণ করার বিষয়ে আপনার কোনো প্রশ্ন থাকলে আপনার কেয়ার টিমের যেকোনো সদস্যের সাথে কথা বলুন।

### একজন উন্ড, অস্টমি এবং কন্টিনেন্স (WOC) নার্সের সাথে দেখা করুন

একজন WOC নার্স হলেন এমন একজন নার্স যিনি স্টোমার পরিচর্যায় বিশেষজ্ঞ। আপনার অস্ত্রোপচারের আগে, আপনার WOC নার্স আপনার পেটে একটি স্থান চিহ্নিত করবেন যেখানে আপনার স্টোমা স্থাপন করা হতে পারে। স্থানটি সর্বোত্তম সম্ভাব্য অবস্থান হবে যাতে ক্ষতচিহ্ন, ভাঁজের দাগ, ভাঁজ থাকবে না এবং সম্ভব হলে এমন একটি জায়গায় হবে যাতে আপনার জন্য এর যত্ন নেওয়া সহজ হয়।

### শ্বাস-প্রশ্বাস এবং কাশির ব্যায়াম করুন

আপনার অস্ত্রোপচারের আগে গভীরভাবে শ্বাস নেওয়া ও কাশি দেওয়ার অনুশীলন করুন। আপনার ফুসফুস প্রসারিত করতে সহায়তা করার জন্য আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে একটি ইনসেন্টিভ স্পাইরোমিটার প্রদান করবেন। আরো জানতে *How To Use Your Incentive Spirometer* (www.mskcc.org/cancer-care/patient-education/how-use-your-incentive-spirometer) পড়ুন।

### আমাদের যৌন স্বাস্থ্য প্রোগ্রাম বিবেচনা করুন

মূত্রাশয়ের অস্ত্রোপচার আপনার যৌন স্বাস্থ্যকে প্রভাবিত করবে। এটি আপনাকে কীভাবে প্রভাবিত করবে সে সম্পর্কে আপনার কোনও উদ্বেগ থাকলে, আপনার তত্ত্বাবধানকারী দলের একজন সদস্যের সাথে কথা বলুন। তারা আপনাকে আমাদের একটি যৌন স্বাস্থ্য ক্লিনিকে রেফার করতে পারে।

### পুরুষদের জন্য তথ্য

মূত্রাশয়ের অস্ত্রোপচার ইরেক্টাইল ফাংশনে (উত্থান হওয়ার এবং তা ধরে রাখার ক্ষমতা) পরিবর্তন আনতে পারে। বেশিরভাগ পুরুষের অস্ত্রোপচারের পর ইরেক্টাইল ডিসফাংশন (ED) হয়। ED হলো যখন আপনার উত্থান হওয়া বা তা ধরে রাখার সমস্যা হয়।

অস্ত্রোপচারের পরে পুনরায় উত্থান হওয়ার বিষয়ে কী হতে পারে সে সম্পর্কে আপনার ডাক্তার আপনার সাথে কথা বলবেন। ED এর অনেক ধরনের চিকিৎসা আছে, যার মধ্যে রয়েছে পিল, ইনজেকশন (শট) বা কৃত্রিম অঙ্গ (ইমপ্লান্ট)। আপনার ডাক্তার আপনার সাথে এই বিকল্পগুলি নিয়ে আলোচনা করতে পারেন।

আপনার অস্ত্রোপচারের সময় আপনার প্রোস্টেট অপসারণ করা হবে, এজন্য আপনার অস্ত্রোপচারের পরে আপনি আর বাবা হতে পারবেন না। আপনি ভবিষ্যতে সন্তান নিতে চাইলে অস্ত্রোপচারের আগে আপনার শুক্রাণু সংরক্ষণ করে রাখতে পারেন। আপনি শুক্রাণু সংরক্ষণ করতে চাইলে শুক্রাণু ব্যাংকিং সম্পর্কিত তথ্যের জন্য আপনার নার্সকে জিজ্ঞেস করুন।

মেল সেক্সুয়াল অ্যান্ড রিপ্রোডাক্টিভ মেডিসিন প্রোগ্রাম এর কোনো বিশেষজ্ঞকে দেখাতে, আপনার তত্ত্বাবধানকারী দলের একজন সদস্যকে রেফারেলের জন্য বলুন অথবা আরো জানতে 646-888-6024 নম্বরে কল করুন।

**নারীদের জন্য তথ্য**

আপনার প্রজনন অঙ্গগুলি অপসারণ করা হলে আপনার অস্ত্রোপচারের পরে আপনি সন্তান ধারণ করতে পারবেন না। আপনি ভবিষ্যতে সন্তান নিতে চাইলে আপনার অস্ত্রোপচারের আগে আপনি পরিবার পরিকল্পনার বিকল্পগুলি (যেমন ডিম্বাণু হিমায়িত করা) সম্পর্কে ভাবতে পারেন। আপনার ডাক্তার আপনার সাথে এই বিকল্পগুলি নিয়ে আলোচনা করতে পারেন।

আপনার অস্ত্রোপচারের পরে আপনার যৌন কার্যপ্রক্রিয়াতেও পরিবর্তন হতে পারে। এর মধ্যে রয়েছে যোনি ছোট হয়ে যাওয়া এবং মেনোপজ বা ঋতুস্রাব বন্ধ হয়ে যাওয়া। মেনোপজ হলো যখন আপনার মাসিক ঋতুচক্র বন্ধ হয়ে যায়। কী হতে পারে সে সম্পর্কে আপনার ডাক্তার আপনার সাথে কথা বলবেন। এছাড়াও তারা আপনার সাথে আপনার চিকিৎসার বিকল্পগুলি নিয়ে আরো বিস্তারিতভাবে আলোচনা করতে পারে।

ফিমেল সেক্সুয়াল মেডিসিন অ্যান্ড উইমেনস হেলথ প্রোগ্রাম এর কোনো বিশেষজ্ঞকে দেখাতে, আপনার MSK তত্ত্বাবধানকারী দলের একজন সদস্যকে রেফারেলের জন্য বলুন অথবা 646-888-5076 নম্বরে কল করুন।

### শারীরিক কাযর্কলাপ করুন

পর্তিদিন অয্ােরাবিক বয্ায়াম করার চেষ্টা করুন। অয্ােরাবিক বয্ায়ামের উদাহরণগুলির মধেয্ রয়েছে কমপক্ষে 1 মাইল (1.6 কিলোমিটার) হাঁটা, সাঁতার কাটা বা সাইকেল চালানো। বাহিরে ঠাণ্ডা লাগলে বাড়ির সিঁড়ি বয্বহার করুন অথবা মল বা শপিং মাকের্টে যান। বয্ায়াম আপনার শরীরকে আপনার অেস্তার্পচারের জনয্ সেবর্াত্তম অবস্থায় নিয়ে যেতে এবং আপনার সুস্থ হওয়াকে দর্ুত ও সহজ করে তুলতে সহায়তা করবে। আরো জানতে *General Exercise Program: Level 2* (www.mskcc.org/cancer-care/patient-education/general-exercise-level-2) পড়ুন।

### সব্াস্থয্কর খাবার খান

আপনার অেস্তার্পচারের আগে সুষম, সব্াস্থয্কর খাবার খান। আপনার খাবার নিবর্াচনে সহায়তার পর্েয়াজন হলে, একজন কি্লনিকাল ডায়েটিশিয়ান পুষ্টিবিদের সাথে দেখা করার বিষয়ে আপনার সব্াস্থয্সেবা পর্দানকারীর সাথে কথা বলুন।

### 4% েক্লারহেকি্সডিন গ্লুেকােনট (CHG) দর্বণ অয্ান্টিেসপটিক তব্ক পরিষ্কারক (যেমন Hibiclens®) কিনুন

4% CHG দর্বণ হলো তব্ক পরিষ্কারক যা বয্বহার করার পর 24 ঘণ্টা জীবাণু মেরে ফেলে। আপনার অেস্তার্পচারের আগে এটি দিয়ে গোসল করা অেস্তার্পচারের পরে আপনার সংকর্মেণর ঝুঁকি হর্াস করতে সহায়তা করবে। আপনি েপর্সকির্পশন ছাড়াই আপনার স্থানীয় ফােমর্সিতে 4% CHG দর্বেণর অয্ান্টিেসপটিক তব্ক পরিষ্কারক কিনতে পারেন।

### তরল খাবার কিনুন

আপনার অেস্তার্পচারের আগে আপনাকে তরল খাবার খেতে হবে। সময়ের আগে তরল খাবার কেনাটা সহায়ক হবে। আপনি কোন ধরনের তরল খাবার খেতে পারবেন তার একটি তালিকা পেতে নিচের “সম্পূণর্ তরল খাবার গর্হণ করুন” বিভাগটি পড়ুন।

## আপনার অেস্তার্পচারের 7 দিন আগে

### অয্াসপিরিন সেবন করা সম্পেকর্ আপনার সব্াস্থয্সেবা পর্দানকারীর িনেদর্শাবলি মেনে চলুন

অয্াসপিরিন রক্তক্ষরণ ঘটাতে পারে। আপনি যদি অয্াসপিরিন বা এমন কোনো ওষুধ খান যাতে অয্াসপিরিন থাকে তাহলে আপনার অেস্তার্পচারের 7 দিন আগে থেকে ডোজ পরিবতর্ন করতে হতে পারে বা এটি খাওয়া বন্ধ করতে হতে পারে। আপনার সব্াস্থয্সেবা পর্দানকারীর িনেদর্শাবলি মেনে চলুন। **তাদের পরামশর্ ছাড়া অয্াসপিরিন খাওয়া বন্ধ**

**করবেন না।**

আরো জানতে, পড়ুন *How To Check if a Medicine or Supplement Has Aspirin, Other NSAIDs, Vitamin E, or Fish Oil* (www.mskcc.org/cancer-care/patient-education/common-medications-containing-aspirin-and-other-nonsteroidal-anti-inflammatory-drugs-nsaids)।

**ভিটামিন ই, মাল্টিভিটামিন, ভেষজ প্রতিকার এবং অন্যান্য ডায়েটরি পরিপূরক সেবন বন্ধ করুন**

ভিটামিন ই, মাল্টিভিটামিন, ভেষজ প্রতিকার এবং অন্যান্য ডায়েটরি পরিপূরক সেবন করলে রক্তপাত হতে পারে। আপনার অস্ত্রোপচারের 7 দিন আগে থেকে এগুলো সেবন করা বন্ধ করুন। আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী যদি আপনাকে অন্য নির্দেশাবলি প্রদান করেন তাহলে সেগুলো মেনে চলুন।

আরো জানতে *Herbal Remedies and Cancer Treatment* (www.mskcc.org/cancer-care/patient-education/herbal-remedies-and-treatment) পড়ুন।

**আপনার অস্ত্রোপচারের 2 দিন আগে**

**ননস্টেরয়েডাল অ্যান্টি-ইনফ্লেমেটরি ড্রাগস (NSAID) সেবন বন্ধ করুন**

আইবুপ্রোফেন (Advil® ও Motrin®) এবং ন্যাপ্রোক্সেন (Aleve®) এর মতো NSAID সেবন করলে রক্তপাত হতে পারে। আপনার অস্ত্রোপচারের 2 দিন আগে থেকে এগুলো সেবন করা বন্ধ করুন। আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী যদি আপনাকে অন্য নির্দেশাবলি প্রদান করেন তাহলে সেগুলো মেনে চলুন।

আরো জানতে *How To Check if a Medicine or Supplement Has Aspirin, Other NSAIDs, Vitamin E, or Fish Oil* (www.mskcc.org/cancer-care/patient-education/common-medications-containing-aspirin-and-other-nonsteroidal-anti-inflammatory-drugs-nsaids) পড়ুন।

**আপনার অস্ত্রোপচারের 1 দিন আগে**

**সম্পূর্ণ তরল খাবার গ্রহণ করুন**

আপনার অস্ত্রোপচারের আগের দিন আপনাকে সম্পূর্ণ তরল খাবার খেতে হবে। আপনি পান করতে পারবেন এমন তরল খাবারের উদাহরণ "সম্পূর্ণ তরল খাবার" এর টেবিলে তালিকা করা হয়েছে। আপনার তরল খাবার আগে শুরু করতে হবে কি না বা অন্য কোনো

অন্তের্র পর্স্তুতি নিতে হবে কি না তা আপনার সব্াস্থয্সেবা পর্দানকারী আপনাকে বলবেন।

সম্পূণর্ তরল খাবার গর্হণ করার সময়:

- কোনো শক্ত খাবার খাবেন না।
- জেগে থাকাকালীন পর্তি ঘণ্টায় অন্তত 1 (8-আউন্স) কাপ তরল পান করার চেষ্টা করুন।
- বিভিন্ন ধরনের তরল পান করুন। শুধুমাতর্ পানি, কফি ও চা পান করবেন না। আপনি যেকোনো রঙের তরল পান করতে পারেন।
- আপনার ডায়াবেটিস না থাকলে এবং আপনার কেয়ার টিমের কোনো সদসয্ আপনাকে না বললে চিনিমুক্ত তরল পান করবেন না।

**আপনার ডায়াবেটিস থাকলে কিভাবে একটি পরিপূণর্ তরল ডায়েট অনুসরণ করবেন**

আপনার ডায়াবেটিসের জনয্ নিযুক্ত সব্াস্থয্সেবা পর্দানকারীর সাথে কথা বলুন:

- পরিপূণর্ তরল ডায়েট অনুসরণ করার সময় কী করবেন?
- আপনার যদি ইনসুলিন বা ডায়াবেটিসের অনয্ানয্ ওষুধের ডোজ পরিবতর্ন করার পর্য়োজন হয়, যদি আপনি গর্হণ করে থাকেন।
- আপনার চিনি-মুক্ত তরল পান করা উচিত কি না।

পরিপূণর্ তরল ডায়েট অনুসরণ করার সময় আপনার ব্লাড সুগার লেভেল নিয়মিত পরীক্ষা করুন। কোনো পর্শ্ন থাকলে আপনার সব্াস্থয্সেবা পর্দানকারীর সাথে কথা বলুন।

| পরিপূণর্ তরল ডায়েট | | |
|---|---|---|
| | **খাওয়া যাবে** | **খাওয়া যাবে না** |
| **সুয্প** | • বর্থ, বুইয়ান এবং কনসোমি।<br>• মসৃণভাবে বেল্নড করা সুয্প (যেমন আলু, গাজর এবং বর্কলির কির্ম)। | • পুরো খাবারের সম্পূণর্ অংশ রয়েছে এমন সুয্প। |

| | | |
|---|---|---|
| **দুগ্ধজাত** | • পুডিং।<br>• মসৃণ আইসকির্ম।<br>• মসৃণ দই (যেমন ভয্ানিলা, লেবু বা কফির সব্াদের)।<br>• দুধ, Lactaid® মিল্ক, সয়া মিল্ক, আমন্ড মিল্ক এবং রাইস মিল্ক।<br>• মিল্কশেক। | • ফল, বাদাম, গর্ানোলা বা খাবারের সম্পূণর্ অংশ রয়েছে এমন দুগ্ধজাত খাবার। |
| **গের্ইন** | • হট সিরিয়াল (যেমন ফারিনা, স্টের্ইনড ওটমিল, গির্টস এবং Wheatena®)। | • ফল, বাদাম, গর্ানোলা বা খাবারের সম্পূণর্ অংশ রয়েছে এমন শসয্। |
| **পুষ্টিকর সাপ্লিমেন্ট** | • তরল পুষ্টিকর সাপ্লিমেন্ট (যেমন Ensure®, Boost®, এবং Carnation Breakfast. Essentials® পানীয়)।<br>• পুডিং পুষ্টিকর সাপ্লিমেন্ট (যেমন Boost pudding এবং Ensure Original পুডিং)। | • ফল, বাদাম, গর্ানোলা বা খাবারের সম্পূণর্ অংশ রয়েছে এমন সাপ্লিমেন্ট। |
| **অনয্ানয্** | • কোমল সরিষা, কেচাপ, মেয়োনেজ, চিনি, লবণ অথবা উপরের খাবার এবং পানীয়গুলিতে বে্লন্ড করা গোলমরিচের অল্পপরিমাণ মিশর্ণ। | • বাবল টি।<br>• অয্ালকোহলযুক্ত পানীয়। |

**আপনার সাজর্ারির সময়টি মাথায় রাখুন**

একজন কমর্ী আপনার সাজর্ারির আগের দিন দুপুর 2টার পর আপনাকে কল করবেন। যদি আপনার অসে্তর্াপচার সোমবারের জনয্ নিধর্ারিত হয় তবে তারা আপনাকে আগের শুকর্বারে কল করবেন। আপনি যদি সন্ধয্া 7টা পযর্ন্ত কল না পান তাহলে 212-639-5014 নমব্রে কল করুন।

অসে্তর্াপচারের জনয্ আপনাকে কখন হাসপাতালে আসতে হবে তা কমর্ী আপনাকে জানাবেন। আপনাকে কোথায় যেতে হবে সেটিও তারা স্মরণ করিয়ে দেবেন।

ঠিকানাটি হলো:

> মেমোরিয়াল হসপিটালে পির্সাজিরক্াল সেন্টার (PSC)
> 1275 York Ave. (ইস্ট 67তম এবং ইস্ট 68তম সি্টটের মধেয্)
> নিউ ইয়কর্, NY 10065
> B লিফট বয্বহার করে 6তম তলায় যান।

সমস্ত MSK অবস্থানে পাকির্ং বিষয়ক তথয্ এবং দিকনির্দেশ্না পেতে www.msk.org/parking ভিজিট করুন।

**4% CHG দর্বণের অয্ান্টিসেপটিক তব্ক পরিষ্কারক, যেমন Hibiclens দিয়ে গোসল করুন**

অস্তেরা্পচারের আগের রাতে বিছানায় যাওয়ার আগে 4% CHG দর্বণের অয্ান্টিসেপটিক তব্ক পরিষ্কারক, যেমন Hibiclens দিয়ে গোসল করুন।

1. আপনার নিয়মিত শয্াম্পু এবং কন্ডিশনার দিয়ে আপনার চুল ধুয়ে ফেলুন। আপনার মাথা ভালো করে ধুয়ে ফেলুন।
2. আপনার নিয়মিত বয্বহাযর্ সাবান দিয়ে আপনার মুখ ও যৌনাঙ্গের (কুঁচকি) আশপাশ ধুয়ে নিন। গরম জল দিয়ে শরীর ভালো করে ধুয়ে ফেলুন।
3. 4% CHG দর্বণের বোতলটি খুলুন। সামানয্ পরিমাণ আপনার হাতে বা পরিষ্কার একটি ধোয়া কাপড়ে ঢালুন।
4. ঝরনা ধারা থেকে দূরে রাখুন। আপনার ঘাড় থেকে পা পযর্ন্ত আপনার দেহে 4% CHG দর্বণটি আলতোভাবে ঘষুন। আপনার মুখে বা যৌনাঙ্গে এটি দেবেন না।
5. 4% CHG দর্বণটি ধুয়ে ফেলতে পুনরায় ঝরনা ধারার নিচে যান। গরম জল বয্বহার করুন।
6. একটি পরিষ্কার তোয়ালে দিয়ে নিজেকে মুছে নিন।

গোসলের পর কোনো পর্কার লোশন, কির্ম, ডিওডোরেন্ট, মেকআপ, পাউডার, পারফিউম বা কোলোন লাগাবেন না।

**খাওয়া-দাওয়ার নির্দেশ্না**

**গুরুতব্পূণর্:** আপনি যদি ওজন কমানোর জনয্ GLP-1 ওষুধ গর্হণ করেন, তবে এই নির্দেশ্াবলী অনুসরণ করবেন না। পরিবতের্ [bXNrLW5vZGUtbGluazogMzE4MDM2]-এ থাকা নির্দেশ্াবলী অনুসরণ করুন।



**আপনার অস্তেরা্পচার বা পর্কির্য়ার আগের রাত ১২টায় খাবার খাওয়া বন্ধ করুন।** এর মধেয্ শক্ত কয্ান্ডি এবং গামও অন্তভুর্ক্ত।

কখন খাওয়া বন্ধ করবেন, সে বয্াপারে আপনার সব্াস্থয্সেবা পর্দানকারীরা অনয্ নির্দেশ্না দিয়ে থাকতে পারে। এরকম হলে, তাদের নির্দেশ্না মেনে

চলুন। কিছু বয্ক্তিকে তাদের অস্েতর্াপচার বা পর্কির্য়ার আগে দীঘর্ সময় ধরে উপবাস (খাবার না খাওয়া) করতে হয়।

**আপনার অস্েতর্াপচারের দিন**
**পান করার নিদের্শনা**

> **গুরুতব্পূণর্:** যদি আপনি একটি GLP-1 ওষুধ গর্হণ করেন, তাহলে এই নিদের্শনাগুলি অনুসরণ করবেন না। পরিবেতর্ [bXNrLW5vZGUtbGluazogMzE4MDM2]-এ থাকা নিদের্শাবলী অনুসরণ করুন।

**আপনার আগমনের 2 ঘণ্টা আগে এবং মধয্রাতের মেধয্ শুধুমাতর্ নিচের তালিকাভুক্ত তরল পান করুন। আর কোনো কিছু খাবেন না বা পান করবেন না।** আপনার আগমনের 2 ঘণ্টা আগে পান করবেন না।

- জল।
- আপেলের সব্চ্ছ জুস, আঙ্গুরের সব্চ্ছ জুস বা কর্য্ানবেরির সব্চ্ছ জুস।
- Gatorade বা Powerade।
- ব্লয্াক কফি বা সাধারণ চা। চিনি দিলেও কোনো সমসয্া নেই। আর কিছু দেবেন না।
  - কোনো ধরনের দুধ বা কির্মার দেবেন না। এর মেধয্ উদ্ভিজ্জ দুধ এবং কির্মার অন্তভুর্ক্ত।
  - সব্াদযুক্ত কোনো সিরাপ যোগ করবেন না।

আপনার ডায়াবেটিস থাকলে, পানীয়তে আপনার চিনির পরিমাণ নিয়নি্তর্ত রাখুন। আপনি যদি এইসব পানীয়ের চিনি-ছাড়া, কম-চিনি বা কোনো চিনি নেই এমন উপাদানগুলো পান করেন তাহলে আপনার রেক্তর গ্লুকোজের মাতর্া নিয়ন্তর্ণে রাখা সহজ হবে।

অস্েতর্াপচার বা পর্কির্য়ার আগে শরীরে পযর্াপ্ত পানি বজায় রাখা উপকারী, তাই আপনি তৃষ্ণাতর্ হলে পানি পান করুন। পর্য়োজনের চাইতে বেশি পান করবেন না। আপনার অস্েতর্াপচার বা পর্কির্য়ার সময় আপনাকে শিরায় (আইভি) তরল দেওয়া হবে।

**আপনার আগমনের 2 ঘণ্টা আগে পান করবেন না।** পানিও এতে অন্তর্ভুক্ত।

কখন পান করা বন্ধ করবেন, সে ব্যাপারে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীরা অন্য নির্দেশনা দিয়ে থাকতে পারে। এরকম হলে, তাদের নির্দেশনা মেনে চলুন।

### নির্দেশনা অনুযায়ী ওষুধ খান

আপনার কেয়ার টিমের একজন সদস্য আপনাকে জানাবেন যে আপনার অস্ত্রোপচারের দিন সকালে কোন ওষুধগুলি খেতে হবে। শুধু এক চুমুক পানি দিয়ে সেই ওষুধগুলি খান। আপনি সাধারণত কী কী ওষুধ খান তার উপর নির্ভর করে, এগুলি আপনার সকালের সাধারণ ওষুধগুলির সবকয়টি বা কয়েকটি হতে পারে বা তার কোনোটিই নাও হতে পারে।

### 4% CHG দ্রবণের অ্যান্টিসেপটিক ত্বক পরিষ্কারক, যেমন Hibiclens দিয়ে গোসল করুন

হাসপাতাল ত্যাগ করার আগে 4% CHG দ্রবণের অ্যান্টিসেপটিক ত্বক পরিষ্কারক দিয়ে গোসল করুন। আগের রাতে যেভাবে ব্যবহার করেছিলেন ঠিক সেভাবে ব্যবহার করুন।

গোসলের পর কোনো প্রকার লোশন, ক্রিম, ডিওডোরেন্ট, মেকআপ, পাউডার, পারফিউম বা কোলোন লাগাবেন না।

### যে জিনিসগুলি মনে রাখতে হবে

- আরামদায়ক এবং ঢিলেঢালা পোশাক পরিধান করুন।
- আপনি যদি কন্টাক্ট লেন্স পরেন তাহলে তার পরিবর্তে চশমা পরুন। অস্ত্রোপচারের সময় কন্টাক্ট লেন্স পরা থাকলে তা আপনার চোখের ক্ষতি করতে পারে।
- কোনো ধাতব বস্তু পরবেন না। শরীরে ফুটো করে পরা গহনা সহ সকল গহনা খুলে ফেলুন। আপনার অস্ত্রোপচারের সময় ব্যবহৃত সরঞ্জামগুলি ধাতুর সংস্পর্শে এলে পুড়ে যেতে পারে।
- নেইল পলিশ এবং র্যাপগুলি তুলে ফেলুন।
- মূল্যবান জিনিস বাড়িতে রেখে আসুন।
- আপনার ঋতুস্রাব (আপনার মাসিক পিরিয়ড) হলে ট্যাম্পনের পরিবর্তে স্যানিটারি প্যাড ব্যবহার করুন। প্রয়োজন হলে আমরা আপনাকে ডিসপোজেবল অন্তর্বাস এবং একটি প্যাড প্রদান করব।

## কী আনতে হবে

- এক জোড়া ঢিলেঢালা পয্যান্ট (যেমন সোয়েট পয্যান্ট)।
- ফিতা রয়েছে এমন স্নিকাসর্। আপনার পা কিছুটা ফুলে যেতে পারে। এই ফুলে যাওয়া অবস্থায় ফিতা-ওয়ালা বা লেস-আপ স্নিকাসর্ ফিট হতে পারে।
- স্লিপ অয্যাপনিয়ার জনয্ আপনার শব্াস পর্শব্াসের যন্তর্ (যেমন CPAP মেশিন), যদি আপনার থাকে।
- আপনার ইনসেন্টিভ স্পাইরোমিটার, যদি আপনার থাকে।
- আপনার সব্াস্থয্ সেবার পর্ক্সি ফরম এবং অনয্ানয্ অগির্ম নিদের্শাবলী, যদি আপনি সেগুলি পূরণ করে থাকেন।
- আপনার সেল ফোন এবং চাজর্ার।
- ছোটখাটো কেনাকাটার জনয্ সামানয্ টাকা যদি আপনি কিনতে চান, যেমন সংবাদপতর্।
- আপনার বয্ক্তিগত জিনিসপতের্র জনয্ একটি কেস, যদি আপনার থাকে। চশমা, শর্বণ সহায়ক যন্তর্, ডেঞ্চারে, কৃতির্ম যন্তর্, পরচুলা এবং ধমর্ীয় আনুষাঙ্গিক হলো বয্ক্তিগত সামগর্ীর উদাহরণ।
- এই নিদের্শিকা। অস্তের্াপচারের পর কিভাবে নিজের যত্ন নিতে হয় তা শিখতে আপনি এটি বয্বহার করবেন।

## আপনি হাসপাতালে গেলে

আপনি যখন হাসপাতালে আসবেন, তখন 6তম তলায় যেতে এলিভেটর B বয্বহার করুন। PSC ওয়েটিং রুমের ডেস্কে গিয়ে চেক ইন করুন।

অনেক কমর্ী আপনাকে আপনার নাম এবং জন্ম তারিখ বলতে ও বানান করতে বলবেন। এটি আপনার নিরাপত্তার জনয্। একই বা অনুরূপ নামের মানুষের একই দিনে অস্তের্াপচার হতে পারে।

অস্তের্াপচারের জনয্ আপনার পোশাক পরিবতর্ন করার সময় হলে আমরা আপনাকে একটি হসপিটাল গাউন, রোব এবং পিছল-নিরোধী মোজা পর্দান করব।

## পরিচযর্াকারী, পরিবার এবং বন্ধুদের জনয্

আপনার প্রিয়জনের অস্ত্রোপচারের দিন কী হতে পারে তা জানতে *Information for Family and Friends for the Day of Surgery* ([www.mskcc.org/cancer-care/patient-education/information-family-and-friends-day-surgery](www.mskcc.org/cancer-care/patient-education/information-family-and-friends-day-surgery)) পড়ুন।

**একজন নার্সের সাথে দেখা করুন**

অস্ত্রোপচারের আগে আপনি একজন নার্সের সাথে দেখা করবেন। মধ্যরাতের (রাত 12টা) পরে আপনি কোনো ওষুধ সেবন করে থাকলে সেগুলোর ডোজ এবং কখন গ্রহণ করেছেন তা তাদেরকে বলুন। ওভার-দ্য-কাউন্টার এবং প্রেসক্রিপশনের ওষুধ, প্যাচ এবং ক্রিম উল্লেখ করতে ভুলবেন না।

আপনার নার্স আপনার একটি শিরায় একটি ইন্টারভেনাস (IV) লাইন লাগাতে পারে যা সাধারণত আপনার বাহুতে বা হাতে। আপনার নার্স IV স্থাপন না করলে, আপনার অ্যানেস্থেসিওলজিস্ট (A-nes-THEE-zee-AH-loh-jist) অপারেটিং রুমে এটি স্থাপন করবেন।

**আপনার অস্ত্রোপচারের স্থান চিহ্নিত করা**

আপনার নাম এবং জন্ম তারিখ জিজ্ঞেস করা ছাড়াও, আপনাকে আপনার ডাক্তারের নাম, এছাড়াও আপনার কী ধরনের অস্ত্রোপচার করা হচ্ছে এবং কোন পার্শ্বে অপারেট করা হচ্ছে তা জিজ্ঞেস করা হতে পারে। আপনার ডাক্তার বা আপনার সার্জিক্যাল টিমের অন্য কোনো সদস্য আপনার দেহের যে অংশে অপারেশন করা হবে তা চিহ্নিত করতে একটি মার্কার ব্যবহার করবেন। এটি আপনার নিরাপত্তার জন্য। সার্জিক্যাল স্টাফের সকল সদস্য আপনার অস্ত্রোপচারের পরিকল্পনা সম্পর্কে পরিষ্কার কি না তা নিশ্চিত করার জন্য আমরা এটি করি।

**একজন অ্যানেস্থেসিওলজিস্টের সাথে দেখা করুন**

এছাড়াও অস্ত্রোপচারের আগে আপনি একজন অ্যানেস্থেসিওলজিস্টের সাথে দেখা করবেন। তারা যা করবেন:

- আপনার সাথে আপনার চিকিৎসার বিস্তারিত পর্যালোচনা করবেন।
- অতীতে অ্যানেস্থেসিয়া নিয়ে আপনার কোনো সমস্যা হয়েছে কি না তা জানতে চাইবেন। এর মধ্যে বমি বমি ভাব (ভিতর থেকে কোনো কিছু উগরে দিচ্ছেন বলে মনে হওয়া) অথবা ব্যথা অন্তর্ভুক্ত।
- আপনার অস্ত্রোপচারের সময় আপনার আরাম এবং সুরক্ষা সম্পর্কে আপনার সাথে

কথা বলবেন।

- আপনি যে ধরনের অয্যানেস্থেসিয়া নেবেন তা সম্পকের্ আপনার সাথে কথা বলবেন।
- অয্যানেস্থেসিয়া সম্পকির্ত আপনার পর্শ্নের উত্তর দেবেন।

আপনার ডাক্তার বা অয্যানেস্থেসিওলজিস্ট আপনার মেরুদণ্ডে (পিঠে) একটি এপিডুরাল কয্যাথেটার (পাতলা, নমনীয় টিউব) স্থাপনের বিষয়েও আপনার সাথে কথা বলতে পারেন। অস্তের্াপচারের পর আপনাকে বয্থার ওষুধ দেওয়ার আরেকটি মাধয্ম হলো এপিডুরাল কয্যাথেটার।

**অস্তের্াপচারের জনয্ পর্স্তুতি নিন**

আপনার অস্তের্াপচারের সময় হলে, আপনি আপনার চশমা, শর্বণ সহায়ক যন্তর্, ডেঞ্চার, কৃতির্ম ডিভাইস, পরচুলা এবং ধমর্ীয় আনুষাঙ্গিক খুলে রাখবেন।

অপারেটিং রুমে আপনি হেঁটে যাবেন অথবা কোনো কমর্ী সদসয্ স্টের্চারে আপনাকে সেখানে নিয়ে যাবেন। অপারেটিং রুম টিমের একজন সদসয্ আপনাকে অপারেটিং বেডে উঠতে সাহাযয্ করবেন। তারা আপনার পায়ের নিচের অংশে কমেপ্র্শন বুট লাগাবে। এগুলি আপনার পায়ে রক্ত সঞ্চালনে সহায়তা করার জনয্ আলতোভাবে ফুলে উঠে ও চুপসে যায়।

আপনি সব্াচ্ছন্দয্ বোধ করলে, আপনার অয্যানেস্থেসিওলজিস্ট আপনাকে আপনার আইভি (IV) লাইনের মাধয্মে অয্যানেস্থেসিয়া দিবেন এবং আপনি ঘুমিয়ে পড়বেন। এছাড়াও আপনার অস্তের্াপচারের সময় এবং পরে আপনাকে আইভি লাইনের মাধয্মে তরল দেওয়া হবে।

**আপনার অস্তের্াপচারের সময়**

আপনি পুরোপুরি ঘুমিয়ে যাবার পরে, আপনার কেয়ার টিম আপনার মুখের ভেতর দিয়ে আপনার শব্াসনালীতে একটি শব্াস-পর্শব্াসের নল স্থাপন করবে। এটি আপনার শব্াস-পর্শব্াসে সাহাযয্ করবে।

আপনার অস্তের্াপচার শেষ হওয়ার পর আপনার সাজর্ন আপনার অস্তের্াপচারের কাটা স্থানগুলি স্টয্াপল বা সেলাই করে বন্ধ করবেন। তারা আপনার অস্তের্াপচারের কাটা স্থানগুলির উপরে Steri-Strips™ (অস্তের্াপচারের টেপের পাতলা টুকরো) বা Dermabond® (অস্তের্াপচারের আঠা) করতে পারেন। তারা আপনার অস্তের্াপচারের কাটা স্থানটগুলি বয্যান্ডেজ দিয়ে ঢেকে দিবেন।

সাধারণত অপারেটিং রুমে থাকা অবস্থায়ই আপনার কেয়ার টিম আপনার শব্াস-পর্শব্াসের

নলটি খুলে ফেলে।

## আপনার মূত্রাশয়ের অস্ত্রোপচারের পরে

এই বিভাগটি আপনাকে আপনার অস্ত্রোপচারের পরে কী হতে পারে তা জানতে সহায়তা করবে। হাসপাতাল ও বাড়ি উভয় জায়গা থেকে কিভাবে নিরাপদে সুস্থ হওয়া যায় আপনি তা সম্পর্কে জানতে পারবেন।

আপনি এই বিভাগটি পড়ার সাথে সাথে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী লিখুন।

### পোস্ট-অ্যানেস্থেসিয়া কেয়ার ইউনিট (PACU)-এ

আপনার অস্ত্রোপচারের পরে আপনি যখন জেগে উঠবেন তখন আপনি PACU-তে থাকবেন। একজন নার্স আপনার তাপমাত্রা, নাড়ি, রক্তচাপ এবং অক্সিজেনের মাত্রা পর্যবেক্ষণ করতে থাকবেন। আপনি আপনার নাকের নিচে অংশে একটি টিউব দিয়ে অথবা আপনার নাক ও মুখের মাঝখানে একটি মাস্কের মাধ্যমে অক্সিজেন নিতে পারেন। এছাড়াও আপনার পায়ের নিচের অংশে কম্প্রেশন বুট থাকবে।

### ব্যথার ওষুধ

আপনি PACU-তে থাকাকালীন সময়ে এপিডুরাল বা আইভি (IV) ব্যথার ওষুধ পাবেন।

- আপনাকে যদি এপিডুরাল ব্যথার ওষুধ দিতে হয় তাহলে এটি আপনার এপিডুরাল ক্যাথেটারের মাধ্যমে আপনার এপিডুরাল স্পেসে রাখা হবে। আপনার এপিডুরাল স্পেস হলো আপনার স্পাইনাল কর্ডের সামান্য বাইরে আপনার মেরুদণ্ডের ফাঁকা স্থান।
- আপনাকে যদি আইভি ব্যথার ওষুধ দিতে হয় তাহলে এটি আপনার আইভি লাইনের মাধ্যমে আপনার রক্ত প্রবাহে দেওয়া হবে।

রোগী-নিয়ন্ত্রিত অ্যানালজেসিয়া (PCA) ডিভাইস নামক একটি বোতাম ব্যবহার করে আপনি আপনার ব্যথার ওষুধের পরিমাণ নিয়ন্ত্রণ করতে পারবেন। আরো জানতে *Patient-Controlled Analgesia (PCA)* (www.mskcc.org/cancer-care/patient-education/patient-controlled-analgesia-pca) পড়ুন।

### টিউব ও ড্রেইন

আপনার শরীরে বিভিন্ন ধরনের নিষ্কাশন নল থাকবে। কী হতে পারে সে সম্পর্কে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনার সাথে কথা বলবেন। আপনার নিম্নলিখিত 1 বা ততোধিক

টিউব ও ডের্ইন থাকবে।

- **জয্াকসন-পর্য্াট (JP) ডের্ইন:** এটি একটি ছোট ডিম আকৃতির পাতর্ যা আপনার পেটের নিচের অংশে একটি নলের সাথে সংযুক্ত থাকে। এটি আপনার শের্াণী বা পেলভিস থেকে তরল নিষ্কাশন করে।
- **স্েটন্ট:** এগুলি 2টি ছোট নল যা আপনার স্েটামা থেকে বের হয়। এগুলি আপনার কিডনি থেকে পর্সর্াব নিষ্কাশন করে।
- **আপনার স্েটামাতে নিষ্কাশন কয্াথেটার:** এটি একটি নল যা আপনার স্েটামা থেকে বের হয়। এটি আপনার ইলিয়াল কন্ডুইট থেকে পর্সর্াব নিষ্কাশন করে।

### আপনার হাসপাতালের রুমে স্থানান্তর

আপনি সম্ভবত সারারাত PACU-এ থাকবেন। আপনাকে কতদিন থাকতে হবে তা নিভর্র্ করে আপনার অস্েতর্াপচারের ধরনের উপর। PACU-তে অবস্থানের পর্য়োজন শেষ হলে একজন কমর্ী আপনাকে আপনার হাসপাতালের কক্েষ নিয়ে আসবেন।

### আপনার হাসপাতালের রুমে

আপনার অস্েতর্াপচারের পরে আপনাকে কী পরিমাণ সময়ের জনয্ হাসপাতালে থাকতে হবে তা আপনার সুস্থ হওয়ার উপর নিভর্র্ করে। বেশিরভাগ রোগীকে 3 থেকে 4 দিন হাসপাতালে থাকতে হয়।

আপনার কক্েষ একজন নােসর্র্ সাথে আপনার দেখা হবে যিনি হাসপাতালে অবস্থানের সময় আপনার যত্ন নেবেন। আপনি সেখানে পৌঁছনোর পরপরই একজন নাসর্ আপনাকে বিছানা থেকে উঠিয়ে চেয়ারে বসতে সাহাযয্ করবেন।

আপনার অস্েতর্াপচারের পরে সুস্থ হওয়ার সময় কিভাবে নিজের যত্ন নিতে হবে তা আপনার কেয়ার টিম আপনাকে শিখিয়ে দিবে। আরো দর্ুত সুস্থ হতে আপনি নিম্নলিখিত কাজগুলি করে নিজেকে সাহাযয্ করতে পারেন:

- **আপনার নিরাময় পদ্ধতি সম্পকের্ পড়ে।** আমরা আপনাকে আপনার সুস্থ হওয়ার লক্ষয্গুলি সহ একটি নিরাময় পদ্ধতি পর্দান করবে, যদি ইতোমধেয্ আপনার তা না থাকে। এটি আপনাকে আপনার সুস্থ হওয়ার সময় পর্তিদিন কী করতে হবে এবং কী হতে পারে তা জানতে সহায়তা করবে।
- **যত তাড়াতাড়ি সম্ভব চলাফেরা শুরু করুন।** আপনি যত তাড়াতাড়ি বিছানা থেকে উঠে হাঁটবেন, তত দর্ুত আপনার সব্াভাবিক কাযর্কর্মে ফিরে যেতে পারবেন।

## আপনার ব্যথা থেকে উপশম পাওয়া

অস্ত্রোপচারের পরে আপনার কিছুটা ব্যথা অনুভব হবে। প্রথমে, আপনাকে আপনার এপিডুরাল ক্যাথেটার বা আইভি লাইনের মাধ্যমে ব্যথার ওষুধ দেওয়া হবে। PCA ডিভাইস ব্যবহার করে আপনি আপনার ব্যথার ওষুধের পরিমাণ নিয়ন্ত্রণ করতে পারবেন। আপনি স্বাভাবিক খাবার খেতে পারলে, মুখে খাবার ব্যথানাশক ওষুধ (ব্যথানাশক ওষুধ যা আপনি গিলে খেতে পারেন) দেওয়া হবে।

আমরা আপনাকে প্রায়শই আপনার ব্যথা সম্পর্কে জিজ্ঞেস করব এবং প্রয়োজন অনুযায়ী আপনাকে ওষুধ দিব। ব্যথা না কমলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে বলুন। আপনার ব্যথা নিয়ন্ত্রণ করা গুরুত্বপূর্ণ যাতে আপনি আপনার ইনসেনটিভ স্পিরোমিটার ব্যবহার করতে পারেন এবং চলাফেরা করতে পারেন। আপনার ব্যথা নিয়ন্ত্রণ আপনাকে আরো দ্রুত সুস্থ হতে সাহায্য করবে।

আপনার রোবোটিক সার্জারি (অস্ত্রোপচার) হলে আপনার কাঁধে ব্যথা হতে পারে। একে রেফার্ড পেইন বলা হয়, যা সচরাচর দেখা যায়। আপনার অস্ত্রোপচারের সময় আপনার পেটে যে গ্যাস ব্যবহার করা হয়েছিল তার কারণে এমন ব্যথা হয়। আপনার কাঁধে ব্যথা হলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে বলুন। ব্যথা কমাতে তারা আপনার কাঁধে দেওয়ার জন্য একটি হট প্যাক নিয়ে আসবে।

হাসপাতাল ছাড়ার আগে ব্যথার ওষুধের জন্য আপনি একটি প্রেসক্রিপশন (ব্যবস্থাপত্র) পাবেন। সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়ার বিষয়ে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন। কখন ওভার-দ্য-কাউন্টার ব্যথানাশক ওষুধে সুইচ করা শুরু করতে হবে তাদেরকে জিজ্ঞাসা করুন।

## চলাফেরা ও হাঁটা

চলাফেরা ও হাঁটা আপনার রক্ত জমাট বাঁধা এবং নিউমোনিয়ার ঝুঁকি হ্রাস করতে সহায়তা করবে (ফুসফুসের সংক্রমণ)। এটি আপনাকে গ্যাস নির্গত করা এবং পুনরায় মলত্যাগ করা (মলত্যাগ) শুরু করতে সহায়তা করবে। প্রয়োজন হলে আপনার নার্স, ফিজিক্যাল থেরাপিস্ট বা অকুপেশনাল থেরাপিস্ট আপনাকে চলাফেরা করতে সহায়তা করবে।

কিভাবে হাঁটা আপনাকে সুস্থ হতে সাহায্য করতে পারে সে সম্পর্কে আরো জানতে *Frequently Asked Questions About Walking After Your Surgery* (www.mskcc.org/cancer-care/patient-education/frequently-asked-questions-about-walking-after-your-surgery) পড়ুন।

হাসপাতালে থাকাকালীন নিরাপদ থাকতে এবং পড়ে যাওয়া থেকে বাঁচতে আপনাকে কী করতে হবে তা জানতে *Call! Don't Fall!* (www.mskcc.org/cancer-care/patient-education/call-dont-fall) পড়ুন।

নিচের চলাফেরা এবং হাঁটার লক্ষ্যগুলি অনুসরণ করার চেষ্টা করুন। এই লক্ষ্যগুলি আপনার সুস্থ হওয়ার পদক্ষেপেও রয়েছে।

| চলাফেরা ও হাঁটার লক্ষ্য | |
|---|---|
| দিন | লক্ষ্য |
| **অস্ত্রোপচারের দিন** | • আপনার বিছানার প্রান্তে আপনার পা ঝুলিয়ে দিন। |
| **অস্ত্রোপচারের 1 দিন পর** | • 2 থেকে 3 ঘণ্টা চেয়ারে বসে থাকুন।<br>• বাথরুমে গিয়ে দাঁত ব্রাশ করুন।<br>• নার্সিং ইউনিটের চারপাশে 3টি ল্যাপ বা তার বেশি হাঁটুন। |
| **অস্ত্রোপচারের 2 দিন পর** | • 3 ঘণ্টা বা তার বেশি চেয়ারে বসে থাকুন।<br>• খাবারের সময় আপনার চেয়ারে বসুন।<br>• বাথরুমে গিয়ে দাঁত ব্রাশ করুন।<br>• নার্সিং ইউনিটের চারপাশে 7টি ল্যাপ বা তার বেশি হাঁটুন। |
| **অস্ত্রোপচারের 3 দিন পর** | • 4 ঘণ্টা বা তার বেশি চেয়ারে বসে থাকুন।<br>• খাবারের সময় আপনার চেয়ারে বসুন।<br>• হেঁটে বাথরুমে যান এবং নিজের যত্ন নেওয়ার সব কাজ করুন, যেমন দাঁত ব্রাশ করা এবং মুখ ধোয়া।<br>• নার্সিং ইউনিটের চারপাশে 10টি ল্যাপ বা তার বেশি হাঁটুন। |
| **অস্ত্রোপচারের 4 দিন পর** | • 5 ঘণ্টা বা তার বেশি চেয়ারে বসে থাকুন।<br>• খাবারের সময় আপনার চেয়ারে বসুন।<br>• নার্সিং ইউনিটের চারপাশে 14টি ল্যাপ বা তার বেশি হাঁটুন (1 মাইল)। |

**আপনার ফুসফুসের ব্যায়াম**

আপনার ফুসফুসের ব্যায়াম করা গুরুত্বপূর্ণ যেন তা পুরোপুরি প্রসারিত হয়। এটি নিউমোনিয়া প্রতিরোধে সহায়তা করে।

- জেগে থাকা অবস্থায় আপনার ইনসেন্টিভ স্পাইরোমিটারটি প্রতি ঘণ্টায় 10 বার ব্যবহার করুন। আরো জানতে *How To Use Your Incentive Spirometer* (www.mskcc.org/cancer-care/patient-education/how-use-your-incentive-

spirometer) পড়ুন।

- কাশি এবং গভীর শব্াস-পর্শব্াসের বয্ায়াম করুন। কিভাবে করতে হয় তা আপনার পরিচযর্া দলের একজন সদসয্ আপনাকে শেখাবেন।

**খাওয়া ও পান করা**

আপনি আপনার পর্কির্য়া সম্পন্ন হওয়ার পরের দিন হয়তো তরল পান করা শুরু করতে পারবেন। আপনার অন্তর্গুলি কিভাবে কাজ করছে তার উপর নিভর্র করে আপনি ধীরে ধীরে পরবতর্ী কয়েক দিনের মধেয্ আবার শক্ত খাবার খাওয়া শুরু করতে পারবেন।

আপনি সুস্থ হওয়ার সময়, আপনার ক্ষুধা লাগার পরিমাণ আপনার অস্তের্াপচারের আগের তুলনায় কম হতে পারে। 3টি অধিক পরিমাণের খাবারের পরিবতের্ সারা দিন বেশ কয়েকটি অল্প পরিমাণের খাবার খান। এইভাবে খেলে আপনার হজমে সহায়তা হবে, যা আপনাকে সারা দিন শক্তি পর্দান করবে।

আপনার ডায়েট সম্পকের্ কোনো পর্শ্ন থাকলে, একজন ক্লিনিকাল ডায়েটিশিয়ান পুষ্টিবিদের সাথে দেখা করুন।

**ফোলাভাব এবং ডিসচাজর্ (তরল নিঃসরণ)**

